# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৩৫

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

## اَلْفصْلُ الثَّالِثُ (بَاب جَامع المناقب)

---

### আরবী

وَعَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: اسْتَأْذَنَ عَمَّارٌ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «ائْذَنُوا لَهُ مَرْحَبًا بِالطَّيِّبِ الْمُطَيَّبِ» . رَوَاهُ التِّرْمِذِيّ

حسن ، رواه الترمذی (3798 وقال : حسن صحیح) ۔
(حَسَنٌ)

### বাংলা

৬২৩৫-[৪০] ’আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন ’আম্মার (রাঃ) নবী (সা.) -এর কাছে প্রবেশের অনুমতি চাইলেন। তখন তিনি (সা.) বললেন, তাঁকে অনুমতি দাও। পূত-পবিত্র লোকটি মুবারক হোক। (তিরমিযী)

### ফুটনোট

সহীহ: তিরমিযী ৩৭৯৮, ইবনু মাজাহ ১৪৬, মুসনাদে আহমাদ ৭৭৯, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩২২৪৩, মুসনাদে আবূ ইয়া'লা ৪০৩, সহীহ ইবনু হিব্বান ৭০৭৫, হিলইয়াতুল আওলিয়া ১/১৪০ পৃ.।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَرْحَبًا بِالطَّيِّبِ الْمُطَيَّبِ) বলা হয়ে থাকে (مَرْحَبًابه) (তাকে খোশ আমদেদ) অর্থাৎ সে খোলা ময়দান ও অবকাশ পেয়েছে। এর দ্বারা পরোক্ষভাবে প্রফুল্লতার প্রতি ইঙ্গিত করা হয়েছে।
(طَيِّبِ الْمُطَيَّبِ) দ্বারা উদ্দেশ্য হলো (الطاهر)ও (الطهر)অর্থাৎ পবিত্র ও পবিত্রকারী। এখানে পূর্ণাঙ্গতা প্রকাশ করা হয়েছে। যেমন বলা হয়- (ظل ظليل) (ছায়া ও ছায়াময়) (اللمعات)-তে বলা হয়েছে যে, হয়তো বিষয়টি এদিকে ইঙ্গিত করা হয়েছে যে, মণি এমনিতে সুরভি ছড়ায়।

আবার তাকে শারী'আত পরিমার্জিত ও সুবাসিত কাজ করলে তা যেন (نور على النور) অর্থাৎ আলোকজ্যোতিতে পরিণত হয়। (তুহফাতুল আহওয়াযী হা. ৩৮১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86211

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন